**সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট**
**বাংলাদেশ ব্যাংক**
প্রধান কার্যালয়
ঢাকা

জুলাই ১২, ২০১৭
তারিখ ঃ --------------------
আষাঢ় ২৮, ১৪২৪

এসএফডি সার্কুলার লেটার নং- ০৩ /২০১৭

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

**কর্পোরেট সামাজিক দায়বদ্ধতা কার্যক্রমের আওতায়**
**উত্তরাঞ্চলসহ সারাদেশে বন্যাদুর্গত এলাকায় প্রয়োজনীয় আর্থিক ও ত্রাণ সহায়তা প্রদান প্রসঙ্গে।**

সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট হতে জারিকৃত জিবিসিএসআরডি সার্কুলার নং ০৭/২০১৪, তারিখঃ ডিসেম্বর ২২, ২০১৪ এর প্রতি আপনাদের মনোযোগ আকর্ষণ করা যাচ্ছে।

সার্বিক টেকসই উন্নয়নের লক্ষ্যে সিএসআর কার্যক্রমের আওতায় উত্তরাঞ্চলসহ সারাদেশে সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্ত এলাকার অসহায় জনগোষ্ঠীর মাঝে অবিলম্বে প্রয়োজনীয় আর্থিক ও ত্রাণসামগ্রী [খাদ্য, বস্ত্র, বিশুদ্ধ পানি, জরুরী ঔষধ, Portable Improved Cook Stove, Portable Solar Lanterns, Portable Pico Home Systems (Small Solar Home Systems under 20 watt) প্রভৃতি] সহায়তা প্রদানের জন্য আপনাদের পরামর্শ দেয়া যাচ্ছে।

উল্লেখ্য, এ বিষয়ক ব্যয় ১০ জুন, ২০১৫ তারিখের সার্কুলার লেটার নং-০৬ এর মাধ্যমে জারীকৃত ফরম্যাট এর **`Social Projects/Community Investment'** খাতের প্রযোজ্য উপখাতে প্রদর্শন করার জন্যও আপনাদেরকে নির্দেশনা দেয়া হলো।

এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(মনোজ কুমার বিশ্বাস)
মহাব্যবস্থাপক
ফোন ঃ ৯৫৩০৩২০
E-mail: manoj.biswas@bb.org.bd